

“অদম্য নারী পুরস্কার” শীর্ষক কার্যক্রম-২০২৫

পটভূমি :

নারী সমাজের মধ্যে বিরাজমান সকল প্রকার বিভ্রান্ত ও আশঙ্কা দূর করে সকল প্রতিবন্ধকতা উপেক্ষা করার শক্তিতে উজ্জীবিত অনুপ্রাণিত করার লক্ষ্যকে সামনে রেখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে প্রতিবছর দেশব্যাপি “অদম্য নারী পুরস্কার” শীর্ষক কার্যক্রমের প্রচার অভিযানের উদ্যোগ গ্রহন করা হয়।

অদম্য নারী কি ?

জীবন যুদ্ধে জয়ি নারীর প্রতিকী নাম “অদম্য নারী”। সমাজের সকল বাধা বিপত্তি মোকাবেলা করে বিভিন্ন ক্ষেত্রে সফল নারীকে “অদম্য নারী” ভূষিত করে মহিলা বিষয়ক অধিদপ্তর ৫ ক্যাটাগরিতে ইউনিয়ন/পৌর এলাকার ওয়ার্ড হতে নির্বাচিত অদম্য নারীদের উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে সম্মাননা প্রদান করা হবে।

উদ্দেশ্য:

- ০১। সমাজের বিভিন্ন ক্ষেত্রে জয়িতা চিহ্নিত করে সম্মান, স্বীকৃতি ও অনুপ্রেরণা প্রদান করে অন্যান্য নারীদের মধ্যে আস্থা সৃষ্টি ও জয়িতা হতে অনুপ্রাণিত করা।
- ২। নারীবান্ধব ও জে-র ভিত্তিক সমাজ গঠন।
- ৩। নারীর অগ্রযাত্রায় প্রতিবন্ধকতা মোকাবেলা করে জয়িতাদের অগ্রসর হওয়ার পথকে সুগম করা।
- ৪। নারীর অগ্রযাত্রা, সাফল্য, জীবন সংগ্রামকে সামনে তুলে ধরা।
- ৫। আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বেগম রোকেয়া দিবসের মূল চেতনার সঙ্গে সঙ্গতি রেখে গতানুগতিকতার উর্ধ্বে দিবস উদযাপন।

৫ ক্যাটাগরি সমূহ:

- ১। অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী।
- ২। শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী।
- ৩। নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরুর করেছেন যে নারী।
- ৪। সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী।
- ৫। সফল জননী নারী।

শর্তাবলী :

- ১। পৌর এলাকার এবং ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। (নাগরিকত্বের সনদ /জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।)
- ২। পৌর এলাকার প্রার্থীগণ পৌরসভার এবং ইউনিয়নের বাসিন্দা সংশ্লিষ্ট ইউনিয়নের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- ৩। পৌরসভা/ইউনিয়ন পরিষদ/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, চারঘাট, রাজশাহী হতে ফরম সংগ্রহ করতে হবে।
- ৪। ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- ৫। জীবন যুদ্ধের বর্ণনা আলাদা কাগজে সংযুক্ত করতে হবে।
- ৬। বিস্তারিত জানার জন্য www.dwa.charghat.rajshahi.gov.bd



প্রচারে : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, চারঘাট, রাজশাহী।